গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ৬২৪১

তারিখ: ১৬ অগ্রহায়ন১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

**বিষয়: ডিসেম্বর ২০২৫ - ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

১. ডিসেম্বর ২০২৪ - নভেম্বর ২০২৫ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +১০.৮, +৩.৭, +৭.৭, +১০.০, +৩.৬, +২.১, +১.৮, +৬.৮, +২.১, +০.২, +১০.৯ ও +১৩.১ (Bureau of Meteorology, Australia)।

২. নভেম্বর ২০২৫ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (১৫.৩%) বৃষ্টিপাত হয়েছে। ঢাকা, ময়মনসিংহ, সিলেট, রাজশাহী ও রংপুর, বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি, চট্টগ্রাম বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত হয়েছে। নভেম্বর মাসে বঙ্গোপসাগরে মোট ৪টি লঘুচাপ সৃষ্টি হয় যার মধ্যে ২ টি ঘূর্ণিঝড়ে পরিণত হয়। এর মধ্যে প্রথম লঘুচাপটি ০২ নভেম্বর পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন মায়ানমারে উপকূলে সৃষ্টি হয় যা উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ০৪ নভেম্বর দুপুর ১২টায় পূর্বমধ্য বঙ্গোপসাগর, মায়ানমার ও বাংলাদেশের উপকূলে কাছে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। এটি ০৬ নভেম্বর সকালে দুর্বল হয়ে লঘুচাপে পরিনত হয় ও পরবর্তীতে গুরুত্বহীন হয়ে যায়। দ্বিতীয় লঘুচাপটি ১৫ নভেম্বর দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন শ্রীলংকা উপকূলের কাছে সৃষ্টি হয় যা ১৭ নভেম্বর সকালে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে যায়। তৃতীয় লঘুচাপটি ২২ নভেম্বর দক্ষিণ আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্টি হয়। এটি ২৩ নভেম্বর সুস্পষ্ট লঘুচাপ, ২৫ নভেম্বর প্রথমে নিম্নচাপ, পরবর্তীতে গভীর নিম্নচাপ ও ২৬ নভেম্বর ঘূর্ণিঝড় "শেন-ইয়ার" পরিণত হয়ে মালাক্কা প্রণালী ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং ক্রমান্বয়ে দুর্বল হয়ে যায়। সর্বশেষ লঘুচাপটি ২৫ নভেম্বর দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংগ্ন শ্রীলংকা উপকূল এলাকায় সৃষ্টি হয়। পরবর্তীতে ২৬ নভেম্বর সকাল ৬টায় একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপ ; ২৭ নভেম্বর সকাল ৬টায় এটি নিম্নচাপ এবং দ্রুত ঘণীভূত হয়ে সকাল ৯টায় গভীর নিম্নচাপে পরিণত হয়। একই দিনে এটি ঘূর্ণিঝড় "ডিটওয়াহ"-এ রূপ নেয়। পরবর্তীতে এটি উত্তরদিকে সরে গিয়ে দুর্বল হয়ে যায়। ০৪-০৫ নভেম্বরে উত্তর বঙ্গোপসাগর গভীর সঞ্চালনশীন মেঘমালা বিরাজ করায় সমুদ্র বন্দর সমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখিয়ে যেতে বলা হয়। পরবর্তীতে ২৭-৩০ নভেম্বর দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন শ্রীলংকা উপকূল এলাকায় ঘূর্ণিঝড় "ডিটওয়াহ"অবস্থান করায় সমুদ্র বন্দরসমূহকে দূরবর্তী সংকেত জারী করা হয়। ১ নভেম্বর ও ০৪-০৫ নভেম্বর প্রবল ঘূর্ণিঝড় 'মোন্থা'র অবশিষ্টাংশের প্রভাবে দেশের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মিমি/২৪ ঘন্টা) থেকে অতি ভারী(>৮৮ মিমি/২৪ ঘন্টা) বর্ষণের সতর্কবার্তা দেয়া হয়। এ মাসে ০১ নভেম্বর ২০২৫ টাঙ্গাইল একদিনে সর্বোচ্চ বৃষ্টিপাত ১৬৪ মি.মি. রেকর্ড করা হয়। নভেম্বর মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.০°সে. (খেপুপাড়া, ০১ নভেম্বর ২০২৫) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১২.৫°সে. (তেঁতুলিয়া, ২৭ নভেম্বর ২০২৫) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন এবং গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৫°সে., ০.১°সে. এবং ০.৩°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা নভেম্বর ২০২৫ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক ডিসেম্বর-ফেব্রুয়ারি ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | ডিসেম্বর ২০২৫ খ্রি: | | জানুয়ারি ২০২৬ খ্রি: | | ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: | |
|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) |
| ঢাকা | ০৯ | ০৮-১২ | ০৮ | ০৬-১০ | ২৩ | ২০-৩০ |
| ময়মনসিংহ | ০৮ | ০৮-১২ | ০৯ | ০৮-১০ | ১৭ | ১৫-২৫ |
| চট্টগ্রাম | ১০ | ১০-১২ | ০৮ | ০৬-১০ | ২০ | ১৫-২৫ |
| সিলেট | ১৩ | ১২-১৬ | ০৮ | ০৬-১০ | ৩৫ | ৩০-৪০ |
| রাজশাহী | ০৮ | ০৮-১২ | ০৮ | ০৬-১০ | ১৫ | ১০-২০ |
| রংপুর | ০৫ | ০৫-১০ | ০৯ | ০৮-১০ | ১০ | ০৮-২০ |
| খুলনা | ০৭ | ০৬-১২ | ১২ | ১০-১৪ | ২৭ | ২০-৩০ |
| বরিশাল | ০৬ | ০৬-১২ | ০৯ | ০৮-১০ | ২১ | ১৫-২৫ |

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৩. এ সময়ে ০৩-০৮ টি মৃদু (০৮-১০)°সে. থেকে মাঝারি (০৬-০৮)°সে. ধরণের শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে তবে এর মধ্যে ০২-০৩ টি তীব্র শৈত্য প্রবাহে (০৪-০৬)°সে. রূপ নিতে পারে।
৪. শেষরাত থেকে সকাল পর্যন্ত নদ-নদী অববাহিকাসহ দেশের কোথাও কোথাও মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং অন্যত্র হালকা থেকে মাঝারি ধরণের কুয়াশা পড়তে পারে। তবে কখনও কখনও কুয়াশা দুপুর পর্যন্ত স্থায়ী হতে পারে। ঘন কুয়াশার কারণে দিন এবং রাতের তাপমাত্রার পার্থক্য কমে শীতের অনুভূতি বৃদ্ধি পেতে পারে।
৫. ফেব্রুয়ারি মাসের শেষার্ধে দেশের কোথাও কোথাও ০১-০২ দিন শিলাবৃষ্টিসহ বজ্রঝড় হতে পারে।

০১-১২-২৫
(মোঃ নূরুল করিম)
উপপরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় উপদেষ্টা
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
৩। মূখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
৪। সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০০।
৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
১০।সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।